# ALL INDIA SENIOR SCHOOL EXAMINATION

# 2022 – 2023

# SAMPLE QUESTION PAPER(2022-23)

## SUBJECT- BENGALI(005)

## CLASS –X

**TIME - 3 HOURS** **MAXIMUM MARKS - 80**

**Code No. 005**

**General Instructions:**

**1.** The question paper contains **20** printed pages.

**2.** The question paper contains **16** questions.

**3**. The Question Paper is divided into **two** Parts

**PART – A** : Objective type questions (MCQ) : **40** Marks

**PART – B** : Descriptive type questions : **40** Marks

**4. PART – A** has **three** sections :

**Section – A: Reading ( Unseen Comprehension):**

**12 Marks**

**Section – B: Grammar :**

**18 Marks**

**Section – C : Main Course Book :**

**10 Marks**

**5. PART- B** has **two** sections:

**Section – B1 : Supplementary Reader/ Non-detailed Text 30 Marks**

**Section – B2 : Creative Writing :**

**10 Marks**

# Class – X (2022-23)

## Subject –Bengali

**সময় -৩ ঘণ্টা** **সর্ব মোট অঙ্ক – ৮০**

**Time allowed: 3hrs** **Maximum marks: 80**

## PART – A Objective type questions ( MCQ )

## Section – A ( Reading)

## ( Unseen Comprehension)

1. নিচের **চারটি** অনুচ্ছেদ থেকে যে কোনো **তিনটি** পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লেখ। 3x(1x4) = 12

A. মহিলারোপ্য নগরের ঠিক মাঝখানের বিরাট চত্বরটি ছাড়িয়ে পূবমুখো এগিয়ে গিয়ে খানিকটা দূরেই আগাগোড়া ধবধবে সাদা যে প্রকাণ্ড প্রাসাদটি চোখে পড়ে, সেটির মালিক নগরের নামকরা শ্রেষ্ঠী বর্ধমান। দু'বছর অন্তর অন্তর বর্ধমানের জাহাজ পণ্যে বোঝাই হয়ে পাল উড়িয়ে দূর-দূরান্তের সমুদ্রে বাণিজ্য করতে যায়। সারা দাক্ষিণাত্য জুড়ে বিশ রকমের কারবারে বর্ধমানের একগুণ টাকা একশো গুণ হয়ে ফিরে আসে। মা-বাবা, স্ত্রী, ছেলে মেয়ে, দাস-দাসী নিয়ে বর্ধমানের সোনার সংসার। অতি সজ্জন, মিষ্টভাষী, সদালাপী, বেশভূষায় কোন আড়ম্বর নেই, শুধু-উৎসবে আমোদে দু-কানে দুটি হিরে পরেন, লোকে বলে দাম তার লক্ষ টাকা।

সেবার সমুদ্র থেকে ঘুরে এসে বর্ধমান হঠাৎ অসুখে পড়লেন। ছ- মাস ভুগে ছ-মাস বিশ্রাম করে যেদিন মনে হল বেশ সেরে উঠেছেন, সেইদিনই রাত্তিরে শুয়ে শুয়ে বর্ধমান ভাবতে লাগলেন- আর বসে থাকা নয়। জোগাড় যন্ত্র করে নিয়ে আসছে মাসেই বেরিয়ে পড়তে হবে।
এবার যাবো মথুরা। উত্তরের দিকটায় আজ পর্যন্ত তো যাওয়াই হয়নি। বেশ বেড়ানোও হবে, তীর্থও করা হবে, আর বাণিজ্য তো আছেই।

পরদিন থেকেই তোড়জোড় শুরু হয়ে গেল। আরো কয়েকজন বন্ধু বণিককে ডেকে পাঠালেন বর্ধমান। মলয় পাহাড়ের সেরা চন্দন কাঠ পঞ্চাশ গাড়ি, পঁচিশ

গাড়ি কালাগুরু, দশ গাড়ি এলাচ সাজানো হলো। লোকজন, পাহারাদার, রসদপত্তর উঠল আরো পাঁচটা গাড়িতে। আর বন্ধুদের নিয়ে বর্ধমান উঠে বসলেন নরম গদিমোড়া, পুরু ছইয়ের তলায় খসখস দিয়ে ঢাকা, রেশমী কাপড়ের ঝালর দেওয়া একটি আনকোরা নতুন গাড়িতে। সিঁদুর - আঁকা পূর্ণঘটে ডাবের শিষ, মাথায় মায়ের দেওয়া গৃহদেবতার প্রসাদী ফুল- শুভদিনে শুভক্ষণে বর্ধমান বেরিয়ে পড়লেন।

a) শ্রেষ্ঠী বর্ধমান কোন্ অঞ্চল জুড়ে বাণিজ্য বিস্তার করে ছিলেন?
i) মহিলারোপ্য
ii) বর্ধমান
iii) দাক্ষিণাত্য
iv) মথুরা

b) মন্তব্য: রাত্তিরে শুয়ে শুয়ে বর্ধমান ভাবতে লাগলেন- আর বসে থাকা নয়।
কারণ ( ক) তিনি সুস্থ হয়ে গিয়েছিলেন।
কারণ ( খ) অনেকদিন তিনি বাণিজ্য করতে বের হন নি।
কারণ দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো।
i) কারণ ( ক) ও ( খ) দুটোই ঠিক
ii)কারণ ( ক) ও ( খ) দুটোই ভুল
iii)কারণ ( ক) ভুল ও ( খ) ঠিক
iv)কারণ ( ক) ঠিক ও ( খ) ভুল

c) বর্ধমান কোন্ উদ্দেশ্য নিয়ে মথুরা যাওয়ার তোড়জোড় শুরু করেছিলেন?
i) বেড়ানোর জন্য
ii) বেড়ানো ও তীর্থ যাত্রার উদ্দেশ্যে
iii) বেড়ানো , তীর্থযাত্রা ও বাণিজ্যের উদ্দেশ্যে
iv) বাণিজ্যের উদ্দেশ্যে

d) 'পড়লেন' - শব্দটি সাধু ভাষায় হবে...
i) পড়ালেন
ii) পড়িলেন
iii) পড়াইলেন

iv) পড়িয়েছিলেন

B. জল বিনে যেমন মাছ বা মীন প্রাণে বাঁচে না, তেমনি আড্ডা ছাড়া তাবৎ বাঙালির না হলেও অন্তত কলকাতার বাঙালির প্রাণ হাঁসফাঁস করে।
বাবার প্রত্যক্ষ তত্ত্বাবধানে লেখাপড়া শিখিয়ে একজন সত্যিকারের মানুষ করে তোলার আশায় সাত বছর বয়সে আমাকে যখন কলকাতা নিয়ে আসা হয়েছিল এবং আমাকে দেখাশোনা করার জন্য আমার বড়দিও যখন কলকাতায় এসেছিলেন, সেই তখন থেকেই এইরকম একটা ধারণা আমার মনের মধ্যে বিঁধে গিয়েছিল।

নদীয়া জেলার শান্তিপুরে আমাদের আদি বাড়ি, সেখানেই আমার জন্ম হয়েছিল। আমার জন্মের কিছুকাল পরেই নাকি আমাদের পরিবার শান্তিপুরের বৃহৎ পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে নদীয়া জেলারই বেলপুকুর গ্রামে চলে গিয়েছিল। সেখানে ঠাকুরমার পৈতৃক বাড়ী ছিল। সে সময় সরল প্রাণা মায়েরা দুই হাত তুলে আশীর্বাদ করে বেশ গর্বের সঙ্গে বলতেন, 'বড় হয়ে একজন দারোগা হয়ো বাবা', ঠাকুরমার বাবা ছিলেন সেই সময়কার ডাকসাইটে দারোগা। ঠাকুরমা ছিলেন তাঁর একমাত্র সন্তান। বাড়ি ছিল মানে বেশ লম্বা একখানা পাকা ঘর আর তার চারপাশে ছিল বুনো ঝোপঝাড় এবং ঝাড়ালো গাছপালার গভীর জঙ্গলে ভরা কয়েক বিঘে জমি। ঠাকুমার মৃত্যুর পর আমরা সেই বাড়িতেই আশ্রয় নিয়েছিলাম।

পরে আমার সাত বছর বয়স কালে, বেলপুকুর এসেই বাড়ির মায়া, মা-বোনেদের অকাতর স্নেহ-ভালোবাসা, বনে জঙ্গলে, পথে-প্রান্তরে জলে- কাদায়, আপন খেয়ালে অবাধে ঘুরে বেড়ানোর অগাধ স্বাধীনতা, সমস্ত কিছু ছেড়ে- ছুড়ে উত্তর কলকাতার বাগবাজার অঞ্চলের রাজা রাজবল্লভ স্ট্রীটে, দিদিমার বস্তিবাড়ির একটা এঁদো ঘরে এসে উঠেছিলাম। সেটা ছিল উনিশশো একচল্লিশ সাল।

a) লেখককে কী কারণে কলকাতায় নিয়ে আসা হয়?
i) কলকাতা দেখানোর জন্য
ii) কলকাতা থেকে দূর দেশে বেড়াতে নিয়ে যাওয়ার জন্য
iii) পড়াশোনা শিখিয়ে মানুষ করে তোলবার জন্য
iv) কলেজে ভর্তি করানোর জন্য

b) লেখকের ঠাকুমার পৈতৃক বাড়ি কোথায় ছিল?
i) নদীয়া জেলার বেলগ্রাম

ii) নদীয়া জেলার বেলপুকুর
iii) নদীয়া জেলার হরিপুর
iv) নদীয়া জেলার শান্তিপুর

c) রাজাবল্লভ স্ট্রিটে বস্তিবাড়ির এঁদো ঘরে আসার ফলে লেখক কিসের অভাব বোধ করেছিলেন?
মন্তব্য (ক) বাড়ির মায়া, মা বোনের ভালোবাসা, অবাধ স্বাধীনতা
মন্তব্য (খ) ডাকসাইটে দারোগা হবার স্বপ্ন
মন্তব্য দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো।
i) মন্তব্য ( ক) ও ( খ) দুটোই ঠিক
ii) মন্তব্য ( ক) ও ( খ) দুটোই ভুল
iii) মন্তব্য ( ক) ভুল ও ( খ) ঠিক
iv) মন্তব্য ( ক) ঠিক ও ( খ) ভুল

d) 'বিচ্ছিন্ন' - সন্ধিবিচ্ছেদ কর।
i) বি + চ্ছিন্ন
ii)বিৎ + চ্ছিন্ন
iii) বি + ছিন্ন
iv) বিঃ + ছিন্ন

C. আমার একবার খুব গোয়েন্দা হওয়ার শখ হয়েছিল। তো হবো একেবারে শার্লক হোমস। বড় বড় কেস ধরবো। আমার সহকারী সেইসব কেসের বিবরণ লিখবে। দেশে-বিদেশে আমার নাম ছড়িয়ে পড়বে। যখন আমি বড় হব তখন আমার ঠোঁটে পাইপ, চোখে গোল চশমা, কপালে তিনটে ভাঁজ, কাগজে, কাগজে আমার ছবি। আমার একটা ল্যাবরেটরি থাকবে। দামি একটা মাইক্রোস্কোপ। সেখানে নানা রকম পরীক্ষা হবে, জুতোর তলার মাটি, জামার রক্তের দাগ, সিগারেটের পোড়া টুকরো, গেলাসে আঙুলের ছাপ। আমার নামটা তেমন ভালো নয়, পঞ্চানন। এই নামে গোয়েন্দা হওয়া যায়না। নামটা পাল্টে ফেলবো। কি নাম নেবো এখনো ভেবে উঠতে পারিনি।

আমাদের বাড়িতে বিশাল একটা বিস্কুটের কৌটো ছিল। তাইতে ভর্তি বিস্কুট থাকত। চায়ের টেবিলে ছিল তার স্থান। রোজ সকালে বড়রা ওই টেবিলে গোল হয়ে বসে বিস্কুট খেতেন আর গল্প করতেন। পায়ের কাছে বসে থাকতো আমাদের

লোমওলা কুকুর রাজা। ভীষণ লক্ষ্মী। এতটুকু হ্যাংলা নয়। বড়রা ভালোবেসে তাকে বিস্কুট দিতেন। সেও কুপ কুপ করে খেয়ে নিত। আমাদের চা দেওয়া হতো না। এক কাপ দুধ দুখানা করে বিস্কুট। খুব বায়না করলে মা এক চামচ  লিকার দিয়ে একটু রঙ করে দিতেন। ভীষণ কড়া শাসন ছিল আমাদের। মা খুব রাগী ছিলেন। মায়ের ব্যবস্থার উপর কারও কোন কথা চলতো না।  আমার বোন সুমিতা, ছিল খুব লক্ষ্মী মেয়ে। একটু ভীতু ধরনের। আমার মত ছিল ডাকাবুকো ছিল না। আমি রেগে গেলে খুব চিৎকার করে গান গাইতুম। কুপুত্র যদি বা হয় কুমাতা কখনো নয়। সেই চিৎকারে মায়ের মুখে হাসি ফুটত। তখন যা আবদার করতুম তাই দিয়ে দিতেন।

a) কী কারণে লেখক  নামটা পাল্টে ফেলতে চাইলেন?
i)  শার্লক হোমসের সমতুল্য হওয়ার জন্য
ii) গোয়েন্দা হওয়ার উপযুক্ত নয়
iii) দেশ-বিদেশের নিজের নাম ছড়াবেন
iv) কু-পুত্র হওয়ার উপযুক্ত নয়

b) লেখকের বাড়ির কুকুরটির নাম কী?
i)  লক্ষ্মী
ii) রাজা
iii) হ্যাংলা
iv) ডাকাবুকো

c) মন্তব্য: মা খুব রাগী ছিলেন সেই কারণে...
মন্তব্য ( ক) মায়ের ব্যবস্থার কোন অন্যথা করা যেত না।
মন্তব্য ( খ) শাসন ও জোরদার ছিল।
মন্তব্য দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো।
i) মন্তব্য ( ক) ও ( খ) দুটোই ঠিক
ii) মন্তব্য ( ক) ও ( খ) দুটোই ভুল
iii) মন্তব্য ( ক) ভুল ও ( খ) ঠিক
iv) মন্তব্য ( ক) ঠিক  ও ( খ) ভুল

d) 'বিশাল' - বিপরীত শব্দ হবে-
i) বড়
ii) বৃহৎ
iii) ক্ষুদ্র
iv) মাঝারি

D. ১৮৯৫ সালের নভেম্বর মাসের এক অপরাহ্ণ। রবিবার, ওয়েস্ট -এন্ডের একটি ড্রয়িং রুম। নিমন্ত্রিতদের তালিকায় আমিও রয়েছি, জনা পনেরো বিশিষ্ট মানুষজনের সামনে ভারতীয় দর্শন নিয়ে বলবেন প্রাচ্যের এক মানুষ, যিনি ইতিমধ্যেই শিকাগো বিশ্ব মহাধর্ম সম্মেলনে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। তিনি আমাদের কাছে স্বামীজি, স্বামী বিবেকানন্দ। নভেম্বরে লন্ডনে তখন প্রবল ঠান্ডা। ফায়ারপ্লেস এর দিকে পিঠ রেখে তিনি তাঁর বক্তব্য বলে যাচ্ছেন। গৈরিক পরিচ্ছদ, কোমরবন্ধ। অভ্যাগতদের মধ্যে অনেকেরই ধর্মে তেমন আস্থা ছিল না। বেশিরভাগ প্রশ্ন করছিলেন তৎকালীন প্রসিদ্ধ ইতিহাসবিদ ফ্রেডরিক ডেনিসের অন্যতমা শিষ্যা ও বন্ধু। সেইদিন নভেম্বরের রবিবারে আমি প্রথম দেখি স্বামীজীকে। সভা শেষ হয়ে যাবার পর, বিদায় পর্বে আয়োজক গৃহস্বামীকে আমরা সবাই জানালাম যে, এনার বক্তব্যে নতুন কিছুই নেই, সবই শোনা।

কিন্তু আমি তোমাদের এই কথাটা জানাতে চাই যে, প্রথম দেখার পর আমার মনে হয়েছিল, আমি যেন কোন এক অদৃশ্য জগতের সন্ধান পাচ্ছি। আমার মনে হল, তাঁর এই বক্তব্যকে উড়িয়ে দেওয়া মানে হল শুধু নিজের অনুদারতার পরিচয় দেওয়া নয়, এটা অন্যায়ও বটে। আমি ভাবলাম,পৃথিবীর যা-কিছু শ্রেষ্ঠ ও উৎকৃষ্ট, মাত্রর এক ঘণ্টার মধ্যেই তিনি তা প্রকাশ করতে পেরেছেন।

আমি মার্গারেট নোবেল, স্বামীজিকে প্রথম দর্শনের সময় তিনি তখন বত্রিশ বছরের যুবক,আর আমি আটাশ বছরের তরুণী যে কিনা বিদ্যালয়পর্ব সমাপ্ত করে নিজেই উইম্বলন্ডনে একটি বিদ্যালয় স্থাপন করেছিল।কিন্তু প্রথাগত ধর্ম সম্পর্কে বিভিন্ন প্রশ্নে আমি ছিলাম সংশয়পূর্ণ। কিন্তু যতদূর অবধি আমি তাকে লন্ডনে থাকাকালীন বুঝেছিলাম ততদূর পর্যন্ত তিনি হয়ে উঠেছিলেন আমার আদর্শ, তাঁর ইংল্যান্ড পরিত্যাগের আগেই তাঁকে গুরুদেব বলে মেনে নিয়েছিলাম। তার যে দুটি বিষয় আমায় আকৃষ্ট করেছিল,তিনি বলেছিলেন- শরীর ও মন এক তৃতীয় পদার্থ আত্মা দ্বারা পরিচালিত হয় এবং তিনি বিশ্বাস অর্থাৎ Faith শব্দটিতে আপত্তি প্রকাশ

করে তার পরিবর্তে প্রত্যক্ষানুভূতি বা রিয়েলাইজেশন শব্দটি ব্যবহারে বেশি আগ্রহ বোধ করেছিলেন।

a. মার্গারেট নোবেল এর সঙ্গে স্বামী বিবেকানন্দের প্রথম কোথায় সাক্ষাৎ হয়?
i. উইম্বলডনে
ii. আমেরিকায়
iii. শিকাগোয়
iv. লন্ডনে

b) স্বামীজির কোন চিন্তা-ভাবনা নিবেদিতাকে প্রভাবিত করেছিল?
i. স্বামীজির বক্তব্যে নতুন কোনো সংযোজন ছিল না
ii. স্বামীজি Faith শব্দটির উপর জোর দিয়েছিলেন
iii. স্বামীজি প্রত্যক্ষ অনুভূতি কে প্রাধান্য দিয়েছিলেন
iv. স্বামীজির বক্তব্য এবং প্রচলিত বক্তব্যের মধ্যে কোন পার্থক্য ছিল না

c) কোন্ মন্তব্যটি ঠিক?
i) প্রথাগত ধর্ম সম্বন্ধে নিবেদিতা ছিলেন উদাসীন
ii) প্রথাগত ধর্ম সম্বন্ধে নিবেদিতা ছিলেন অত্যন্ত সংশয়পূর্ণ
iii) প্রথাগত ধর্ম কে নিবেদিতা সম্পূর্ণ অস্বীকার করেছিলেন
iv) প্রথাগত ধর্ম নিয়ে নিবেদিতা নিবেদিতা একাধিক তর্ক-বিতর্কে যুক্ত ছিলেন

D) 'আকৃষ্ট' - শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে হবে –
i. আক্ + ষ্ট
ii. আকিষ + ট্
iii. আকৃষ্ + ত্
iv. আক্ + ইষ্ট

## Section – B: Grammar

2. প্রদত্ত বিকল্পগুলি থেকে সন্ধির সঠিক উত্তরটি নির্বাচন কর –(যেকোন দশটি )
(MCQ) (1 X10) =10

a) 'উৎ+ লাস' সন্ধি যুক্ত হলে হবে -
i. উৎলাস
ii. উলাস
iii. উল্লাস
iv. উদ্ভাস

b) 'ষড়যন্ত্র' এই সন্ধিবদ্ধ পদটির পূর্বপদ এর শেষ বর্ণ এবং পর পদের প্রথম বর্ণটি যথাক্রমে হবে -
i. ট্ + য
ii. ড্ + জ
iii. ড্ + য
iv. ঠ্+ য

c) 'বিচ্ছেদ' কোন দুটি বর্ণের মধ্যে সন্ধি হয়েছে?
i. ই + চ্
ii. ই + ছ্
iii. আ + চ্
iv. আ + ছ্

d) ষষ্ + ___ = ষষ্ঠ , শূন্যস্থানে উপযুক্ত বর্ণটি হবে --
i. ঠ
ii. ত
iii. ট
iv. থ

e) 'দিগিন্দ্র' কোন দুটি বর্ণের মধ্যে সন্ধি হয়েছে?

i. ক + গ্ = গ্

ii. দ্ + গ্ = গ্

iii. ক্ + ই = গ্

iv. ই + গ্ = গ্

f) 'অব্দ' - শব্দটি সন্ধি বিচ্ছেদ করলে হবে -

i. অব্ + দ

ii. অপ্ + ব্দ

iii. অপ্ + দ

iv. অপ + ধ

g) 'বাঙ্ময়' শব্দটি সন্ধি বিচ্ছেদ করলে হবে -

i. বাঙ + ময়

ii. বাক্ + ময়

iii. বাগ্ + ময়

iv. বা + ময়

h) 'মুখচ্ছবি' কোন দুটি বর্ণের মধ্যে সন্ধি হয়েছে?

i. ক্ + ছ্

ii. খ্ + ছ্

iii. ক্ষ + চ্

iv. অ + ছ্

i) 'তদ্ + কর' সন্ধি যুক্ত হলে হবে -

i. তৎপর

ii. তস্কর

iii. তক্কর

iv. তঙ্কর

J) 'উদ্যোগ' কোন দুটি বর্ণের মধ্যে সন্ধি হয়েছে?

i. ত্ + গ্ = দ্

ii. দ্ + দ্ = দ্
iii. ৎ+ য্ = দ্
iv. ট্ + য্ = দ্

k) 'জীবদ্দশা' এই সন্ধিবদ্ধ পদটির পূর্বপদ এর শেষ বর্ণ এবং পর পদের প্রথম বর্ণটি যথাক্রমে--

i. ট্ + দ
ii. ৎ + দ
iii. দ্ + দ্
iv. ড + দ

l) 'হাদ্দিয়ে' শব্দটি সন্ধি বিচ্ছেদ করলে হবে -

i) হাতে +দিয়ে
ii) হাদ + দিয়ে
iii) হাত +দিয়ে
iv) হাদ্দি + য়ে

3. প্রদত্ত বিকল্পগুলি থেকে নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তনের এর সঠিক উত্তরটি নির্বাচন কর। (যে কোনো **চারটি**) (MCQ) (1X4)=4

a. কথাটি শুনে তার রাগ বেড়ে গেল।– জটিল বাক্যে পরিবর্তন করলে হবে-

i. কথাটি শুনল এবং তার রাগ বেড়ে গেল ।
ii. কথাটি শোনা মাত্র তার রাগ বেড়ে গেল।
iii. যখন কথাটা শুনলো তখন তার রাগ বেড়ে গেল।
iv. যদিও তার কথাটা শুনলো তবুও তার রাগ বেড়ে গেল।

b. সংবাদপত্র পড়েছি এবং অনেক কিছু জেনেছি। – সরল বাক্যে পরিবর্তন করলে হবে-

i. যে মুহূর্তে সংবাদপত্র পড়েছি সেই মুহূর্তে অনেক কিছু জেনেছি।
ii. সংবাদপত্র পড়া সত্ত্বেও অনেক কিছু জেনেছি।
iii. সংবাদপত্র পড়ে অনেক কিছু জেনেছি।
iv. এটি একটি সংবাদপত্র এবং এটি পড়ে আমি অনেক কিছু জেনেছি।

c. যে ব্যক্তি বিদ্যাহীন, তার জীবন বৃথা। - যৌগিক বাক্যে পরিবর্তন করলে হবে -
i. বিদ্যাহীন ব্যক্তির জীবন বৃথা।
ii. ব্যক্তিটি বিদ্যাহীন হওয়ায় তার জীবন বৃথা।
iii. ব্যক্তিটি বিদ্যাহীন সুতরাং তার জীবন বৃথা।
iv. যেহেতু ব্যক্তিটি বিদ্যাহীন সেইহেতু তার জীবন বৃথা।

d. গ্রামে দুই- তিনটা পুষ্করিণী থাকলেও একেবারে শুষ্ক। জটিল বাক্যে পরিবর্তন করলে হবে—
i. গ্রামে যদিও দুই তিনটা পুষ্করিণী আছে তবুও তা একেবারে শুষ্ক।
ii. গ্রামের দুই-তিনটা পুষ্করিণী শুষ্ক।
iii. গ্রামে দুই তিনটা পুষ্করিণী আছে কিন্তু তাহা একেবারে শুষ্ক।
iv. গ্রামে যখন দুই-তিনটা পুষ্করিণী আছে তখন সেগুলো শুষ্ক।

e. রাজপুত্র তাহাকে লক্ষ্য করিলেন ও পিস্তল উঠাইলেন। সরল বাক্যে পরিবর্তন করলে হবে-
i. যখনই রাজপুত্র তাহাকে লক্ষ্য করিলেন তখনই পিস্তল উঠাইলেন।
ii. রাজপুত্র তাহাকে লক্ষ্য করিয়া পিস্তল উঠাইলেন।
iii. যেহেতু রাজপুত্র তাহাকে লক্ষ্য করিলেন সেইহেতু পিস্তল উঠাইলেন।
iv. যদিও রাজপুত্র তাহাকে লক্ষ্য করলেন কিন্তু পিস্তল উঠাইলেন না।

4. প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক রূপান্তরটি বেছে লেখ।
(যে কোনো **চারটি** ) (MCQ) (1X4)=4

a. কয়েক মিনিট বাদে সেখান থেকে নামলে শক্তি ফিরে পেলাম।
সাধু বাক্যে রূপান্তরিত করলে হবে—
i. কয়েক মিনিট বাদে সেখান হইতে নামলে শক্তি ফিরে পেলাম।
ii. কয়েক মিনিট বাদে সেখান হইতে নামিলে শক্তি ফিরে পেলাম।
iii. কয়েক মিনিট বাদে সেইখান হইতে নামিলে শক্তি ফিরিয়া পাইলাম।
iv. কয়েক মিনিট বাদে সেখান থেকে নামিলে শক্তি ফিরিয়া পাইলাম।

b. পেলাইও আর এলিসেন্দা তখনো একটির পর একটি কাঁকড়া --------।
শূন্যস্থানে বসবে যে ক্রিয়াপদটি তার উপযুক্ত চলিত রূপ হবে--
i. মেরেইছে।
ii. মারিতেছে।
iii. মারছে।
iv. মারিছে।

c. ধানের চারাগুলি একেবারে শুকাইয়া নষ্ট হওয়ার চাইতে বরং গরুতেই খাক।
চলিত বাক্যে রূপান্তরিত করলে হবে—
i. ধানের চারাগুলো একেবারে শুকাইয়া নষ্ট হয়া যাওয়ার চাইতে বরং গরুতেই খাক।
ii. ধানের চারাগুলি একেবারে শুকিয়ে নষ্ট হইয়া যাওয়ার চেয়ে বরং গরুতেই খাক।
iii. ধানের চারাগুলো একেবারে শুকাইয়া নষ্ট হয়ে যাওয়ার চাইতে বরং গরুতেই খাক।
iv. ধানের চারাগুলো একেবারে শুকিয়ে নষ্ট হয়ে যাওয়ার চেয়ে বরং গরুতেই খাক।

d. ভূতনাথবাবু ছুটে এসে ঘাড় চেপে ধরলেন।
সাধু বাক্যে রূপান্তরিত করলে হবে—
i. ভূতনাথবাবু ছুটিয়া এসে ঘাড় চেপে ধরলেন।
ii. ভূতনাথবাবু ছুটে আসিয়া ঘাড় চেপে ধরলেন।
iii. ভূতনাথবাবু ছুটে এসে ঘাড় চাপিয়া ধরলেন।
iv. ভূতনাথবাবু ছুটিয়া আসিয়া ঘাড় চাপিয়া ধরিলেন।

e. বাঙালির যে আজকাল ভূপর্যটনের স্পৃহা জেগে উঠেছে,------ সবচেয়ে আনন্দদায়ক ! -- শূন্যস্থানে বসানোর উপযুক্ত সর্বনামটি হবে---
i. এতে
ii. ইহা
iii. এইটা
iv. এতো

## SECTION – C (Main Course Book)

5) পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো
(যে কোন **পাঁচটি**) (MCQ) (1X5 ) = 5

a) সন্ধ্যা তারার গল্প বেরোনোর পর তপন কী সংকল্প করল?
i) অন্যের দয়ায় গল্প ছাপাবে না
ii) নিজের গল্প নিজে পড়বে না
iii) আর কখনো গল্প ছাপাবে না
iv ) গল্প ছাপাতে নিজে যাবে না

b) আলোবাবু কিসের সঙ্গে ঘড়ির দম এর তুলনা করেছেন?
i) মানুষের শরীর চর্চার সঙ্গে
ii) মানুষের শ্বাসের সঙ্গে
iii) মানুষের খাবার খাওয়ার সঙ্গে
iv) মানুষের সুখ শান্তির সঙ্গে

c) মন্তব্য: তপনের লেখক হতে বাধা ছিল ।
কারণ (ক)-সে ভাবত লেখকরা সাধারণ মানুষ নয় তারা অনন্য সাধারণ মানুষ।
কারণ (খ) তপনের মা চাইতেন না যে তপন লেখক হোক।
এক্ষেত্রে -
i) কারণ ( ক) ও ( খ) দুটোই ঠিক।
ii) কারণ ( ক) ও ( খ) দুটোই ভুল।
iii) কারণ ( ক) ভুল ও ( খ) ঠিক।
iv) কারণ ( ক) ঠিক ও ( খ) ভুল।

d) ' আপনি গান-বাজনা জানেন নাকি' এর উত্তরে আলো বাবুর প্রতিক্রিয়া কী হয়,?
i) তারস্বরে গান গেয়ে ওঠেন
ii) কুণ্ঠিত মুখে উঠে দাঁড়ান
iii) অন্যদিকে মুখ ঘুরিয়ে চলে যান
iv) রেগে গিয়ে গল্প কথকের দিকে এগিয়ে যান।

e) মন্তব্য - 'হরিদার জীবনের ভাতের হাঁড়ি মাঝে মাঝে শুধু জল ফুটিয়েই সারা হবে।'
কারণ (ক)-হরিদার বাধাধরা কাজে আপত্তি ছিল।
কারণ (খ) হরিদা প্রকৃত অর্থেই টাকা পয়সার প্রতি উদাসীন ছিলেন
কারণ দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো।
i) কারণ ( ক) ও ( খ) দুটোই ঠিক।
ii) কারণ ( ক) ও ( খ) দুটোই ভুল।
iii) কারণ ( ক) ভুল ও ( খ) ঠিক।
iv) কারণ ( ক) ঠিক ও ( খ) ভুল।

f) বৈরাগীর সাজে হরিদা কে দেখতে গেলে জগদীশ বাবুর বাড়িতে কখন যেতে হবে?
i) সকাল বেলা
ii) দুপুর বেলা
iii) বিকেল বেলা
iv) সন্ধ্যা বেলা

g) 'আলোবাবু যা করেছিলেন তা কোন মা সহ্য করতে পারেন না।'
আলোবাবু কৃতকর্মের জন্য অবিনাশবাবু স্ত্রী যে পদক্ষেপ নিয়েছিলেন তার মধ্য দিয়ে অবিনাশবাবু স্ত্রীর চরিত্রের কোনদিকটি স্পষ্ট হয়?
i) আপোষহীন মাতৃত্ব
ii) আলোবাবুর প্রতি তাঁর সহজাত ক্ষোভ।
iii) কুকুরের প্রতি অনীহা
iv) সহনশীলতার অভাব

h) আলোবাবুর এখন ডুগি তবলা না বাজানোর কারণটি চিহ্নিত কর—
i) সময়ের অভাব
ii) পয়সার অভাব
iii) উৎসাহের অভাব
iv) ইচ্ছার অভাব

6) সহায়ক পাঠ থেকে সঠিক উত্তরটি নির্বাচন কর। (যে কোনো **পাঁচটি**) ( MCQ) (1X5)=5

a. শিলাদিত্য রাজা হয়ে বুড়ো কর্মচারীদের কেন তাড়িয়ে দিলেন ?
   i) কারণ তারা সবাই ছিল বিশ্বাসঘাতক
   ii) কারণ তারা সবাই ছিল উদ্ধত
   iii) কারণ তারা সবাই ছিল অকর্মণ্য
   iv) কারণ তারা সবাই ছিল অত্যাচারী

b. সুভাগা কী দেখে বুঝলেন গায়েবীকে এই পৃথিবীতে বেশি দিন ধরে রাখা যাবে না?
   i) গায়েবীর মুখে সূর্যের আলো ক্রমে ফুটে উঠতে লাগলো
   ii) গায়েবীর মুখে সূর্যের আলো ক্রমে অস্পষ্ট হতে লাগলো
   iii) গায়েবীর কালো চুলে চাঁদের জ্যোৎস্না ধীরে ধীরে নিভে গেল।
   iv) গায়েবীর কালো চুলে চাঁদের জোৎস্না জোৎস্না ধীরে ধীরে প্রস্ফুটিত হতে লাগলো।

c. শিলাদিত্য চিৎকার করে জেগে উঠলেন । - কারণ -
   i) তিনি স্বপ্নে পিতা সূর্যদেবকে দেখতে পেলেন
   ii) তিনি স্বপ্নে মাতা সুভাগা কে দেখতে পেলেন
   iii) তিনি স্বপ্নে বোন গায়েবীকে দেখতে পেলেন
   iv) তার সপ্তাশ্বরথ সূর্যকুণ্ড থেকে উঠে এলো না

d. মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য :
   মন্তব্য (ক) গায়েব আমাদের চেয়ে লেখায়, পড়ায়, গায়ের জোরে সকল বিষয়ে বড়।
   মন্তব্য (খ) গায়েব সকল ভীল বালকদের মধ্যে বয়সে সকলের চেয়ে বড়।
   i) মন্তব্য ( ক) ও ( খ) দুটোই ঠিক।
   ii) মন্তব্য ( ক) ও ( খ) দুটোই ভুল।
   iii) মন্তব্য ( ক) ভুল ও ( খ) ঠিক।
   iv) মন্তব্য ( ক) ঠিক ও ( খ) ভুল।

e) ভীলের মেয়ে দুটির মুখে গোহের প্রশংসা শুনে মাণ্ডলিকের নিজেকে কী বলে মনে হল?

i) প্রজারা তাকে ত্যাগ করেছে

ii) প্রজারা তাকে অযোগ্য ভাবছে

iii) প্রজারা তাকে অবিশ্বাস করছে

iv) প্রজারা তাকে সম্মান করছে।

f) মাণ্ডলিকের ভাই কত বছর আগে নিখোঁজ হয়েছিলেন?

i) কুড়ি বছর আগে

ii) দশ বছর আগে

iii) পাঁচ বছর আগে

iv) পনেরো বছর আগে

g) মাণ্ডলিক গোহকে যুবরাজ পদে বসালেন তার প্রধান কারণ—

i) তার সন্তান ছিল না, ভাই নিখোঁজ

ii) গোহ দেখতে সুন্দর

iii) ভীল বালকরা চাইছিল

IV) গোহ বীর রাজপুত

## PART – B (Descriptive Questions )

## SECTION – B1 ( Supplementary Reader/ Non-detailed Text)

7) তপনের বয়সী ছেলেমেয়েরা কী কী ধরণের বিষয় নিয়ে সাধারণত গল্প লেখে? 2

8) 'বহুরূপী' হিসেবে হরিদার বহুরূপের উল্লেখ কর। 2

9) "মনে হল যেন পুজো করছেন।"

-- কেন পুজো করার সঙ্গে উদ্দিষ্ট কাজটিকে তুলনা করা হয়েছে প্রসঙ্গসহ লেখ। 3

10) "তেমনই অনায়াসে সোনাও মাড়িয়ে চলে যেতে পারি।"
--আলোচ্য উক্তি হরিদার নির্লোভ জীবনের আদর্শের সঙ্গে কীভাবে সংযুক্ত তা বিশ্লেষণ করো। 3

OR

"আর উঠতে বসতে ঠাট্টা করছে 'তোর হবে। হ্যাঁ বাবা তোর হবে।"
-- তপন সম্পর্কে এরূপ নেতিবাচক উক্তির পশ্চাতে প্রকৃত কারণ নির্ণয় করো।

11) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ: 5

'আমাদের ইতিহাস নেই
অথবা এমনই ইতিহাস
আমাদের চোখ মুখ ঢাকা
আমরা ভিখারি বারো মাস'

OR

'জনমানববিহীন স্টেশন ,আকাশ ভরা তারায়
এমন একটি দেশে আসলে সক্কলে পথ হারায়।'

12) "শোনো
কোরানের সুরাহর সঙ্গে
উপনিষদের মন্ত্র,
সকালে প্রভাত ফেরির সঙ্গে
ভোরের আজান
একাকারে মিলিয়ে যাচ্ছে "

a) কোরানের সুরাহ্ এবং উপনিষদ -এর সংক্ষিপ্ত পরিচয় দাও।
b) উক্ত বিষয়গুলির মধ্য দিয়ে কবিতার বক্তব্য কীভাবে স্পষ্টতা পায়? (2+3)=5

13) "তখন পুষ্পবতী মহারাজের সেই চিঠি খোঁপার ভিতর লুকিয়ে রেখে পাটের শাড়ি পরে দেবীর পূজায় বসতেন; আর মনে মনে বলতেন -- ।"

a) পুষ্পবতী কে?

b) কোন বিশেষ সময়ে তিনি মনে মনে কী বলতেন লেখ। (2+3)= 5

14)" তারপর তুমি যখন রাজা হবে, আমায় এই মন্দির থেকে রাজবাড়ীতে নিয়ে যেও।"

a) কার লেখা কোন গল্পের অন্তর্গত?

b) প্রসঙ্গ উল্লেখ করে বক্তার চরিত্র -চিত্রণ করো। (2+3)=5

## SECTION- B2 (Creative Writing)

15) নীচের যে কোন একটি বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো। 5

a) ছাত্র সমাজে স্মার্টফোনের প্রভাব

b) এমন একটি কাজের অভিজ্ঞতা যা তোমাকে তৃপ্তি দিয়েছে

16) তুমি হিয়া বা রিতম , বিদ্যালয়ের হয়ে কলকাতার বাইরে খেলতে গেছো, তোমার অভিজ্ঞতার কথা জানিয়ে বিদেশে পাঠরত দাদাকে একটি চিঠি লেখ। 5

অথবা

বিদ্যালয় ম্যাগাজিনে তোমার একটি লেখা মনোনীত হয়েছে এবং পুরস্কৃত হয়েছো, লেখার বিষয় এবং অনুভূতির কথা জানিয়ে বাবাকে একটি চিঠি লেখ।

\-